তারিখ ... 6 APR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব কাল

আগামীকাল ঢাকায় অনুষ্ঠিত হবে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব। আইসিটি বিভাগের আয়োজনে দেশজুড়ে অনুষ্ঠিত আঞ্চলিক পর্বের নির্বাচিত এক হাজার ২০০ শিক্ষার্থী অংশ নেবে। আয়োজক সূত্র জানায়, রাজধানীর তিনটি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হবে চূড়ান্ত আয়োজন। এর মধ্যে কৃষিবিদ ইনস্টিটিউশনে উদ্বোধন, কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরন অনুষ্ঠিত হবে। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউট ও ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ে প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার এ পর্বে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, অতিরিক্ত আইসিটি সচিব হারুনুর রশিদ, অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, বুয়েট অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ ও আয়োজক সহযোগী বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের (বিডিওএসএন) সাধারণ সম্পাদক মুনির হাসানের উপস্থিত থাকার কথা রয়েছে। এর আগে স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের কম্পিউটার প্রোগ্রামিংয়ে উৎসাহিত করতে গত ৯ মার্চ দেশজুড়ে শুরু হয় জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা। যশোর, খুলনা, ঢাকা, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, সিলেট, গোপালগঞ্জ, পটুয়াখালী, পাবনা, রাজশাহী, রংপুর, দিনাজপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ ও বরিশালসহ ১৬টি জেলা এবং সৈয়দপুর, সিংড়া ও আনোয়ারা উপজেলায় আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতায় প্রায় ২০ হাজার শিক্ষার্থী অংশ নেয়। এখান থেকে নির্বাচিতরা চূড়ান্ত আয়োজনে অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন। আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, বিশ্বজুড়ে প্রোগ্রামারদের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যেতে তথ্যপ্রযুক্তি খাতে দক্ষ জনবল তৈরিতে কাজ করে যাচ্ছে আইসিটি বিভাগ। এরই একটি জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা। প্রতিযোগিতা থেকে নির্বাচিতরা ইরানের তেহরানে অনুষ্ঠেয় আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াডের বাংলাদেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পাবে।

■ প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
স্বাক্ষর